# The Country Today



## DU VC meets Home Adviser

# Call to ensure swift justice for Shammo's murder; decision taken to evict bagrants from campus

**DU Correspondent**

A five-member delegation led by Dhaka University Vice-Chancellor Professor Dr. Niaz Ahmed Khan met with Home Affairs Adviser Jahangir Alam Chowdhury at the Secretariat on Sunday to ensure swift and fair justice for the murder of meritorious student Shahriar Alam Shammo.

The delegation included the Chief Adviser's Special Assistant Md. Khoda Baksh Chowdhury, Director of the Institute of Education and Research Prof Dr. Hosne Ara Begum, Proctor Associate Professor Saifuddin Ahmed, Samy's friend and eyewitness Ashraful Alam Rafi,

Continued to page 2


## Call to ensure swift

and another friend, S.M. Nahiyan Islam.

Vice-Chancellor Professor Dr. Niaz Ahmed Khan stated, "We seek fair justice for Samy's murder. As part of our ongoing efforts to expedite this process, we met with the Home Affairs Adviser today and requested assistance in swiftly arresting and bringing the culprits to justice." He added that the Adviser informed them that the case is being transferred to the Detective Branch (DB) and assured prompt arrests of the perpetrators.

কালবেলা

# জাতির স্বার্থে এ হত্যাকাণ্ডের রহস্য উদঘাটন করতে হবে : ঢাবি ভিসি



ঢাবি উপাচার্য ড. নিয়াজ আহমদ খান। ছবি : সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান বলেছেন, জাতির স্বার্থে, বিশ্ববিদ্যালয়ের স্বার্থে, আমাদের সবার স্বার্থে পুলিশের সঙ্গে মিলেই এই হত্যাকাণ্ডের (সাম্য হত্যাকাণ্ড) রহস্য উদঘাটন করতে হবে।

রোববার (১৮ মে) বেলা ১১টায় সাম্য হত্যাকাণ্ডে জড়িতদের গ্রেপ্তার ও দ্রুত বিচার নিশ্চিতের দাবিতে আয়োজিত এক কর্মসূচিতে উপস্থিত হয়ে এ কথা বলেন উপাচার্য।

উপাচার্য বলেন, জাতির স্বার্থে, বিশ্ববিদ্যালয়ের স্বার্থে, আমাদের সবার স্বার্থে পুলিশের সাথে মিলেই এই হত্যাকাণ্ডের রহস্য উদঘাটন করতে হবে। আমরা ঘটনার পরপরই হাসপাতালে গিয়েছি। ঘটনার শুরু থেকেই সাম্যের পরিবারের সাথে যোগাযোগ রাখছি, আজকেও যোগাযোগ হয়েছে। পুলিশকে আমরা ইতোমধ্যেই সিসিটিভি ফুটেজ সরবরাহ করেছি। পুলিশ তিনজনকে গ্রেপ্তার করেছে। আজকে থেকে তাদের রিমান্ড শুরু হবে।

তিনি আরও বলেন, আমরা সাম্যের আত্মার মাগফিরাত কামনায় গত শুক্রবার জুম্মার পরে সিনেট ভবনে দোয়ার আয়োজন করেছিলাম। এছাড়াও একইদিন আসর নামাজের পরে সাম্যের নিজ হল স্যার এ এফ রহমান হলে দোয়ার আয়োজন করা হয়।

মামলার অগ্রগতির বিষয়ে উপাচার্য বলেন, বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ইতোমধ্যেই তদন্ত কমিটি গঠন করা হয়েছে। এছাড়াও বিচারকার্যের অগ্রগতির জন্য নিয়মিত ডিএমপি কমিশনারের যোগাযোগ রাখা হচ্ছে।

উপাচার্য আরও বলেন, আমরা গত ১৬ মে গণপূর্ত অধিদফতর ও স্থানীয় সরকার মন্ত্রণালয়ের সাথে বৈঠক করেছি। এর পরপরই টিএসসি সংলগ্ন সোহরাওয়ার্দী উদ্যান গেইট দেওয়াল তুলে স্থায়ীভাবে বন্ধ করার কাজ শুরু করেছি।

ক্যাম্পাসে বহিরাগত নিয়ন্ত্রণ সম্পর্কে তিনি বলেন, আমরা এর আগেও ক্যাম্পাসে বহিরাগত নিয়ন্ত্রণের কাজ শুরু করেছিলাম। কিন্তু বেশ কিছু অংশীজনের আপত্তির কারণে তা ঠিকমতো করা যায়নি। এখন আবার পুরোদমে বহিরাগত নিয়ন্ত্রণের কাজ শুরু হয়েছে। আমরা এ ব্যাপারে সকলের সহযোগিতা চাই।

প্রসঙ্গত, গত ১৩ মে দিবাগত রাতে সোহরাওয়ার্দী উদ্যানে সন্ত্রাসীদের ছুরিকাঘাতে প্রাণ হারান ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইন্সটিটিউটের শিক্ষার্থী ও ছাত্রদল নেতা শাহরিয়ার আলম সাম্য। এ ঘটনায় এখন পর্যন্ত তিনজনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

## আজকালের খবর




সাম্য হত্যার বিচারের দাবিতে গতকাল অপরাজেয় বাংলার পাদদেশে মানববন্ধন করে বিএনপি সমর্থক বিশ্ববিদ্যালয় শিক্ষকদের সংগঠন সাদা দল -বিএনপি মিডিয়া সেল

## The Daily Sun




CLOCKWISE FROM TOP LEFT: Students of Dhaka University (DU) protest in front of Shahbagh Police Station on Sunday, demanding justice for the murder of JCD leader Shahriar Alam Shammo. The White Panel of DU teachers hold a human chain in front of Aparajeyo Bangla on the same demand. Ishraque's supporters protest in front of Nagar Bhaban of Dhaka South City Corporation (DSCC), demanding BNP leader Ishraque Hossain be sworn in as DSCC mayor. The empty corridor of Nagar Bhaban takes on an eerie appearance in the absence of service seekers.

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



# প্রতিদিনের বাংলাদেশ




শাহরিয়ার আলম সাম্য হত্যার বিচার দাবিতে রবিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাজু ভাস্কর্যের সামনে মানববন্ধন করেন শিক্ষার্থীরা। প্রবা ফটো

## বিক্ষোভে উত্তাল শাহবাগ, দ্রুত বিচার দাবি

সাম্য হত্যাকাণ্ড

প্রবা প্রতিবেদক

## বিক্ষোভে উত্তাল শাহবাগ

প্রথম পৃষ্ঠার পর

**শাহবাগে ছাত্রদলের অবরোধ**

**সাম্য হত্যার তদন্ত ডিবির কাছে হস্তান্তরের আশ্বাস**

# প্রথম আলো



ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও ছাত্রদল নেতা শাহরিয়ার আলম সাম্যর হত্যাকাণ্ডে জড়িত আসামিদের গ্রেপ্তার করে দ্রুত দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার দাবিতে বিক্ষোভ সমাবেশ। গতকাল জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে। ছবি : প্রথম আলো

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

## ছাত্রদল নেতা সাম্য হত্যার বিচারের দাবিতে বিক্ষোভ

**প্রতিনিধি**, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও ছাত্রদল নেতা শাহরিয়ার আলম সাম্য হত্যাকাণ্ডে জড়িত মূল আসামিসহ জড়িত সব আসামিকে দ্রুত গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার দাবিতে বিক্ষোভ সমাবেশ করেছেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের নেতা-কর্মীরা।

গতকাল রোববার বিকেলে বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনারের পাদদেশে এ কর্মসূচি পালন করেন তাঁরা। এ সময় শাখা ছাত্রদলের সদস্যসচিব ওয়াসিম আহমেদের সঞ্চালনায় সংগঠনটির নেতা-কর্মীরা বক্তব্য দেন। সমাবেশে দুই শতাধিক নেতা-কর্মী অংশ নেন।

সমাবেশে শাখা ছাত্রদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক মো. আফজাল আলী বলেন, 'গণ-অভ্যুত্থান পরবর্তী সময়ে আমরা একটি বিষয় চেয়েছিলাম যে শিক্ষার্থীরা নিরাপদে ক্যাম্পাসে অবস্থান করতে পারবেন। কিন্তু দুর্ভাগ্যজনকভাবে খুব অল্প সময়ে শুধু ছাত্রদল নয়, বরং জুলাই বিপ্লবে অংশগ্রহণকারী সবাই টার্গেট কিলিংয়ের শিকার হচ্ছেন। কয়েক দিন আগে আমরা দেখেছি, যে সাম্যকে নিজ ক্যাম্পাসে হত্যা করা হয়েছে অথচ ক্যাম্পাস হওয়ার কথা সবচেয়ে নিরাপদ। সাম্য তাঁর ক্যাম্পাসে নিরাপত্তা পাননি। সে ক্ষেত্রে শুধু সাম্য হত্যার বিচারই নয়, এই যে টার্গেট কিলিং, এটিও ইন্টেরিমকে বন্ধ করতে হবে। দ্রুত যদি এই সরকার টার্গেট কিলিং বন্ধ না করতে পারে, তাহলে আমরা মনে করব শেখ হাসিনা সরকারের সঙ্গে এ সরকারের কোনো পার্থক্য নেই। তাই আমরা সরকারকে আরেকবার সুযোগ দিচ্ছি এবং আহ্বান করছি টার্গেট কিলিং বন্ধ করতে হবে এবং একই সঙ্গে শিক্ষার্থীদের নিরাপদ ক্যাম্পাসের ব্যবস্থা করতে হবে। যত দিন পর্যন্ত না সাম্যর প্রকৃত হত্যাকারীদের খুঁজে বের করতে পারবেন, তত দিন আমরা জাতীয়তাবাদী ছাত্রদল রাজপথে অবস্থান করব।'

শাখা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক মোহাম্মদ ফরহাদ হোসেন বলেন, 'আমাদের ভাইয়ের বিচার নিয়ে যদি গড়িমসি করা হয়, তাহলে কিন্তু আমরা রাজপথ ছাড়ব না। আপনাদের ভুলে গেলে চলবে না, গত ১৬ বছর ধরে ছাত্রদলের ছেলেরা গুম হয়ে গিয়েছে, খুন হয়ে গিয়েছে, মামলা মাথায় নিয়ে চলতে শিখেছে। আপনারা যদি অনতিবিলম্বে আমাদের ভাই জুলাই গণ-অভ্যুত্থানের যোদ্ধা সাম্য হত্যার বিচার না করেন, তাহলে প্রতিটি থানা ছাত্রদল ঘেরাও করবে।'

শাখা ছাত্রদলের আহ্বায়ক জহির উদ্দিন বলেন, 'সাম্য শুধু ছাত্রদলের নেতা ছিলেন বিষয়টি এমন নয়, তিনি জুলাই আগস্টে ফ্যাসিবাদবিরোধী আন্দোলনেরও সম্মুখসারির যোদ্ধা ছিলেন। অত্যন্ত লজ্জার সঙ্গে বলতে হয়, সাম্যর মৃত্যুর পাঁচ দিন পার হয়ে গেলেও এই হত্যার সঙ্গে জড়িত মূল হোতাকে প্রশাসন এখনো গ্রেপ্তার করতে পারেনি।'